

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার,
ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

তারিখ: ৯ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
২৪ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০০.১৮.০১০৮.২৫.৩৬৭

বিষয়: মেসার্স রিভারস্টার ফ্যাশন ওয়্যার লি: তৈরি পোশাক (নীট ও ওভেন) নামক বস্ত্র শিল্প কারখানার অনুকূলে ৩য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রসঙ্গে।

সূত্র: আবেদনপত্র নং-৬০০, তারিখঃ ১৩/০৭/২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, মেসার্স রিভারস্টার ফ্যাশন ওয়্যার লি:, অফিস ও কারখানাঃ গন্ধর্বপুর, টানচর, ব্রাহ্মণগাঁও, রুপগঞ্জ, নারায়ণগঞ্জ নামক কারখানাটি যৌথ বিনিয়োগে ১০০% রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান হিসেবে বস্ত্র অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত। যার নিবন্ধন নং- আরএমজি/ইএক্সপি/জেভি ০০০২১৬-১৫, তারিখঃ ১৩/১২/২০১৫ খ্রিঃ, শিল্প উপ-খাতঃ “তৈরি পোশাক (নীট ও ওভেন)” এবং শিল্প আইআরসি নং- ২৬০৩২৬১২০৭০৯৫২২। প্রতিষ্ঠান কর্তৃপক্ষ বিভিন্ন অসুবিধার কারণে ২য় এডহক শিল্প আইআরসি এর সুবিধার বিপরীতে প্রয়োজনীয় কাঁচামাল আমদানি করতে না পারায় বস্ত্র অধিদপ্তরে ৩য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশের জন্য আবেদন জানিয়েছেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে দাখিলকৃত কাগজপত্রাদি পরীক্ষা নিরীক্ষার পর বস্ত্র শিল্প কারখানাটির অনুকূলে আমদানি স্বত্ব নির্ধারণ ব্যতিরেকে ৩য় এডহক শিল্প আইআরসি জারীর সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য, ১০০% রপ্তানিমুখী শিল্প হিসেবে প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ, ২০২১-২৪ এর অনচ্ছেদ ২৪.৯ এর বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

২। উপরোক্ত সিদ্ধান্তের আলোকে বর্তমান আমদানি নীতি আদেশ এবং অন্যান্য সরকারি বিধিবিধান প্রতিপালন স্বাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে মেসার্স রিভারস্টার ফ্যাশন ওয়্যার লি: নামক বস্ত্র শিল্প কারখানা এর অনুকূলে কাঁচামাল আমদানির জন্য আমদানি স্বত্ব নির্ধারণ ব্যতিরেকে ৩য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ করা হলো। শিল্প প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিমুখী তৈরি পোশাক (নীট ও ওভেন) বিধায় আমদানিযোগ্য কাঁচামাল সমূহ (নিষিদ্ধ পণ্য ব্যতিত এবং শর্তযুক্ত পণ্য শর্ত প্রতিপালন সাপেক্ষে) বন্ডেড ওয়্যার হাউজ পদ্ধতির মাধ্যমে আমদানি করতে হবে।

৩। উল্লেখ্য যে, অত্র সুপারিশপত্র উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আইনগত কোন দায়মুক্তি প্রদান করবে না।



২৪-০৭-২০২৫

রাজু আহমেদ

উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০০.১৮.০১০৮.২৫.৩৬৭/১ (৭)

তারিখ: ৯ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
২৪ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। যুগ্ম নিয়ন্ত্রক, নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।
- ২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স রিভারস্টার ফ্যাশন ওয়্যার লি., অফিস ও কারখানাঃ গন্ধর্বপুর, টানচর, ব্রাহ্মণগাঁও, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
- ৪। উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব), ওয়ানস্টপ সার্ভিস সেন্টার, বস্ত্র অধিদপ্তর।
- ৫। এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো)।
- ৬। ব্যক্তিগত সহকারি, মহাপরিচালকের দপ্তর, বস্ত্র অধিদপ্তর।
- ৭। পিএ কাম সাঁট লিপিকার, পরিচালক (বস্ত্র) এর দপ্তর, বস্ত্র অধিদপ্তর।



২৪-০৭-২০২৫

মৃত্যুঞ্জয় কুমার মহন্ত
সহকারি পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)